

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৬৩

১/ বিবিধ

আরবী

ادفنوا موتاكم وسط قوم صالحين، فإن الميت يتأذى بجار السوء، كما يتأذى الحي  
بجار السوء  
موضوع

رواه القاضي أبو عبد الله الفلاكي في " الفوائد " (1 / 91) وأبو نعيم في " الحلية " (6 /  
354) من طريق سليمان بن عيسى: حدثنا مالك بن أنس عن عمه أبي سهيل عن أبيه  
عن أبي هريرة مرفوعا. وقال أبو نعيم: " غريب من حديث مالك لم نكتبه إلا من هذا  
الوجه

قلت: وسليمان هذا كذاب، كما تقدم غير مرة، قال المناوي: " ومن ثم أورد  
الجوزقاني الحديث في " الموضوعات "، وكذا ابن الجوزي وتعقبه المؤلف، وغاية ما  
أتى به أن له شاهد حاله كحاله

বাংলা

৫৬৩। তোমরা তোমাদের মৃত ব্যক্তিদের নেককার সম্প্রদায়ের মাঝখানে দাফন কর। কারণ মৃত ব্যক্তি খারাপ  
প্রতিবেশীর কারণে কষ্ট পায় যেরূপ জীবিত ব্যক্তি মন্দ প্রতিবেশীর কারণে কষ্ট পায়।

হাদীছটি জাল।

এটি আল-কাযী আবু আদিলাহ আল-ফালাকী “আল-ফাওয়ায়েদ” (১/৯১) এবং আবু নোয়াইম "আল-হিলইয়্যাহ"  
(৬/৩৫৪) গ্রন্থে সুলায়মান ইবনু ঈসা সূত্রে মালেক ইবনু আনাস হতে তিনি তার চাচা আবু সুহায়েল হতে তিনি  
তার পিতা হতে তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। আবু নোয়াইম বলেছেনঃ

মালেকের হাদীছ হতে এটি গরীব, আমরা এটিকে একমাত্র এ সূত্রেই লিখেছি।

আমি (আলবানী) বলছিঃ এই সুলায়মান মিথুক। যেমনটি একাধিকবার তার সম্পর্কে আলোচনা হয়েছে। মানবী বলেনঃ এ জন্যই জুযকানী হাদীছটিকে “আল-মাওয়ূ‘আত” গ্রন্থে উল্লেখ করেছেন। অনুরূপভাবে ইবনুল জাওয়ীও উল্লেখ করেছেন। কিন্তু লেখক (সুয়ূতী) তার সমালোচনা করে সর্বোচ্চ যা নিয়ে এসেছেন তা হচ্ছে এ হাদীছটির মতই একটি শাহেদ নিয়ে এসেছেন!

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71442>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন